গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

বিষয়: “মেঘনা নদীর ভাঙ্গন হতে বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ উপজেলার উলানিয়া-গোবিন্দপুর এলাকা রক্ষা (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৫-০৫-২০২১।
সভার সময়	বেলা ১১.৪০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যদের ও অনলাইনে যোগদানকৃত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পাসম জানান যে, ৩৮৪১৯.২৭ লক্ষ টাকা ব্যয় সম্বলিত প্রকল্পটির বাস্তবায়নকাল জুন, ২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। মে, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬১.০০% এবং আর্থিক অগ্রগতি ১৭৩০১.২২ লক্ষ টাকা (৪৬%)। প্রকল্পের মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধির জন্য IMED এর সুপারিশ পাওয়া গেছে।

২। প্রকল্পটির অগ্রগতি ও বাস্তব অবস্থা নিয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
সভায় তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, বাপাউবো, বরিশাল জানান যে, মে ২০২১ পর্যন্ত প্রকল্পের ভৌত কাজের সার্বিক অগ্রগতি ৬১.০০% এবং আর্থিক অগ্রগতি ৪৬%। চলতি বছরে এডিপিতে বরাদ্দ ১১০০০.০০ লক্ষ টাকা। প্রকল্পের ভৌত কাজের মূল অঙ্গ হচ্ছে বালু ভর্তি জিও ব্যাগ ডাম্পিং এবং ব্লক তৈরি, ডাম্পিং ও প্লেসিং কাজ। ২০ মে, ২০২১ তারিখ পর্যন্ত ৯,৫১,০৭০ টি জিও ব্যাগের মধ্যে ৮,৯৬,৭৩৯ টি জিও ব্যাগ ডাম্পিং, ৩১,৯০,২৯৯ টি ব্লকের মধ্যে ২০,৩৬,৮১৮ টি ব্লক তৈরি এবং ১৫,২৫,৭৬২ টি ব্লক ডাম্পিং করা হয়েছে। চলমান ২০২০-২১ অর্থ বছরে অর্থ মন্ত্রণালয়ের পত্রের আলোকে ৮৫০০.০০ লক্ষ টাকা ছাড় করা হয়েছে, যার মধ্যে ৮২৭৬.৪৭ লক্ষ টাকা ব্যয় হয়েছে। প্রকল্পের আওতায় ৬০০০.০০ লক্ষ টাকা বকেয়া রয়েছে। এমতাবস্থায়, আরএডিপি বরাদ্দের বাকী ২৫০০.০০ লক্ষ টাকা ছাড় করাসহ বর্তমান অর্থ বছরে অতিরিক্ত ৩৫০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রয়োজন। ২০২০ সালের বর্ষা মৌসুমে আলীগঞ্জ এলাকায় পানির স্রোত অত্যাধিক বৃদ্ধি পাওয়ায় নদীর গভীরতা পূর্বের তুলনায় প্রায় ১০.০০ মিটার বৃদ্ধি পেয়েছে। গভীরতা বৃদ্ধির কারণে সংশ্লিষ্ট নকশা দপ্তর কর্তৃক নকশা সংশোধন করা হয়েছে। সংশোধিত নকশা অনুযায়ী কাজ বাস্তবায়নের ক্ষেত্রে ৩টি প্যাকেজের চুক্তি মূল্য বৃদ্ধি পাবে। প্রকল্পের ড্রেজিং কাজের এলাকায় BIWTA কর্তৃক ড্রেজিং কাজ বাস্তবায়ন করা হয়েছে বিধায় এই প্রকল্পের ড্রেজিং কাজ বাস্তবায়ন করার প্রয়োজন নেই। এমতাবস্থায়, সংশোধিত ডিজাইনের আলোকে কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের সংস্থান রেখে এবং ড্রেজিং এর পরিমান কমিয়ে অন্তঃখাত সমন্বয় করা প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প সাইট সরেজমিনে পরিদর্শনের জন্য অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবোকে নির্দেশনা প্রদান করেন। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) প্রকল্পের সাইট পরিদর্শন করে সিনিয়র সচিব, পাসম বরাবর প্রতিবেদন প্রদান করবেন।	(ক) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো প্রকল্প সাইট সরেজমিনে পরিদর্শন করে সিনিয়র সচিব, পাসম বরাবর প্রতিবেদন দাখিল করবেন। (খ) সংশোধিত ডিজাইনের আলোকে কাজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের সংস্থান রেখে এবং ড্রেজিং এর পরিমান কমিয়ে অন্তঃখাত সমন্বয় প্রস্তাবনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাপাউবো, এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক।

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.১৪.০২৮.১৮-২১৯

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৮
০৮ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ({দৃ: আ: উপ-সচিব (বাজেট-৬)}।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫) সদস্য, কৃষি, পানি সম্পদ, পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্ম-সচিব, সেচ উইং)।
৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) অতিরিক্ত সচিব, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) অতিরিক্ত সচিব, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) যুগ্মসচিব, পরিকল্পনা উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) যুগ্ম সচিব, যুগ্মসচিব উন্নয়ন-২ এর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৪) প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৫) উপপ্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রকল্প পরিচালক, "মেঘনা নদীর ভাঙন হতে বরিশাল জেলার মেহেন্দীগঞ্জ উপজেলার উলানিয়া-গোবিন্দপুর এলাকা রক্ষা (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প, বরিশাল পওর সার্কেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
১৯) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
২০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
২১) নির্বাহী প্রকৌশলী, বরিশাল পওর বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বরিশাল।
২২) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব